



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/সংস্থাপন/ ২৬৪

তারিখঃ ১৭/০৪/২০১৭খ্রিঃ

বিষয়ঃ জেলা প্রশাসক সম্মেলন ২০১৬ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের মুক্ত আলোচনাকালে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০৫.২০১৬-১২৮; তারিখঃ ২৩ মার্চ ২০১৭

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক সম্মেলন ২০১৬ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের মুক্ত আলোচনাকালে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“তথ্য প্রযুক্তির এই যুগে ফেইসবুকের ব্যবহার অনস্বীকার্য। কিন্তু গভীর রাত পর্যন্ত ফেইসবুক ব্যবহারের ফলে বিশেষভাবে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া এবং তরুণ-তরুণীদের কর্মে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। ফলে সামগ্রিকভাবে কর্মক্ষম জনগোষ্ঠির কর্মক্ষমতা কমে যাচ্ছে। তাছাড়া, কোমলমতি, শিশু-কিশোরদের বিনোদনের অন্যতম প্রধান আকর্ষণ কার্টুন চ্যানেল। কার্টুন চ্যানেলগুলি ২৪ ঘন্টা খোলা থাকার ফলে শিশুরা গভীর রাত পর্যন্ত কার্টুন দেখছে। পর্যাপ্ত ঘুম না হওয়ায় শিশুরা পাঠে পরিপূর্ণ মনোযোগ দিতে পারছে না। এতে শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক স্বাভাবিক বিকাশ ব্যাহত হচ্ছে।

সুস্থ, সবল ও কর্মক্ষম জাতি গড়ার লক্ষ্যে রাত ১২.০০ টা হতে সকাল ০৬.০০ টা পর্যন্ত ফেইসবুক এবং ক্যাবল টেলিভিশনে কার্টুন চ্যানেলের সম্প্রচার বন্ধ রাখা যেতে পারে।”

বর্ণিত অবস্থায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ হিসেবে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিক্ষেত্রভুক্ত দাখিল ও আলিম স্তরের মাদরাসার সুপার ও অধ্যক্ষকে তাঁর নিজ নিজ মাদরাসায় অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা যেন গভীর রাত পর্যন্ত ফেইসবুক ব্যবহার না করে ও দিনব্যাপী কার্টুন না দেখে, সে বিষয়ে অভিভাবকগণের সাথে আলোচনা সভার মাধ্যমে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার / অধ্যক্ষ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিক্ষেত্রভুক্ত দাখিল ও আলিম স্তরের সকল মাদরাসা।

নং-বামাশিবো/সংস্থাপন/

তারিখঃ /০৪/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সকল।
২. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(তৌকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪